# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৭৮: জ্যোতিষী, গণক, ভবিষ্যদ্বক্তা ইত্যাদির কাছে যাওয়া কি বৈধ?

তাদের কাছে যাওয়া এবং তাদেরকে জিজ্ঞেস করা হারাম। এদের থেকে মানুষকে সাবধান করা ওয়াজিব। রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«مَنْ أَتَى عَرَّافًا أَوْ كَاهِنًا فَصَدَّقَهُ بِمَا يَقُولُ فَقَدْ كَفَرَ بِمَا أُنْزِلَ عَلَى مُحَمَّدٍ»

“যে ব্যক্তি গণক বা জ্যোতিষীর কাছে আসল এবং তার কথা বিশ্বাস করল, সে মুহাম্মাদের উপর অবতীর্ণ বিষয়ের সাথে কুফরী করল” (আবূ দাঊদ, তিরমিযী, নাসাঈ ও ইবনে মাজাহ)। অন্য হাদীসে রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«مَنْ أَتَى عَرَّافًا فَسَأَلَهُ عَنْ شَىْءٍ لَمْ تُقْبَلْ لَهُ صَلاَةٌ أَرْبَعِينَ لَيْلَةً»

“যে ব্যক্তি গণকের কাছে আসে এবং তার কাছে কিছু জিজ্ঞেস করে, চল্লিশ দিন পর্যন্ত তার ছালাত কবূল হয় না” (মুসলিম)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1562

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন